যুগান্তর

25 FEB 2003

# ছাত্রের অভাবে '৯৬ সাল থেকে ৮৫টি প্রাইমারি স্কুল বন্ধ হয়েছে

## সংসদে প্রশ্নোত্তর

যুগান্তর রিপোর্ট

ছাত্রের অভাবে ১৯৯৬ সাল থেকে দেশের ৮৫টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এর মধ্যে ৩৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৪৬টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তরে জাতীয় পার্টির গোলাম মোহাম্মদ কাদেরের প্রশ্নের জবাবে সংসদে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন এ তথ্য জানান। সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সরকার পদক্ষেপ গ্রহণ করেছে, ভবিষ্যতে ছাত্রছাত্রীর অভাবে আর কোন স্কুল বন্ধ হবে না।

### বেসরকারি শিক্ষকদের শতভাগ বেতন-ভাতা

বিএনপির অধ্যাপক শহীদুল ইসলামের সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক জানান, অর্থপ্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের শতকরা ১০০ ভাগ বেতন-ভাতা সরকারিভাবে দেয়া হবে। মূল প্রশ্নের জবাবে তিনি জানান, ১৯৭২ সাল থেকে এ পর্যন্ত ১৭৮টি স্কুল ও ২০৯টি কলেজকে সরকারিকরণ করা হয়েছে।